

বিষয় : সিলেট জেলার বন্যা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদন ।

অত্র কার্যালয়ের ত্রাণ ও পুনর্বাসন শাখার ২৭-০৬-২০১২খ্রিঃ তারিখের ০৫.৫১.৯১০০.০২৫.০০৪. ০০১.১২-২৫৭নং স্মারকের অনুবৃত্তিক্রমে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২৪ ঘন্টায় অত্র জেলার গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ, জৈন্তাপুর ও কানাইঘাট উপজেলার বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও সিলেট মহানগর এলাকা সহ সদর, জকিগঞ্জ, বিয়ানীবাজার, গোলাপগঞ্জ, দক্ষিণ সুরমা, বিশ্বনাথ ও বালাগঞ্জ উপজেলার বন্যা পরিস্থিতির অবনতি ঘটেছে । অদ্য ২৮-০৬-২০১২খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় প্রাপ্ত তথ্য অনুসারে জানা যায়, সুরমা নদীর পানি সিলেট মহানগর এলাকায় ৬৬ সেঃ মিঃ, কানাইঘাট উপজেলায় ১৫৫ সেঃমিঃ এবং কুশিয়ারা নদীর পানি বিয়ানীবাজার উপজেলার শেওলা পয়েন্টে ৯৭ সেঃ মিঃ ও জকিগঞ্জ উপজেলার অমলসীদ পয়েন্টে ২০১ সেঃমিঃ বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে ।

ক্ষয়ক্ষতির বিবরণ :


বিভিন্ন উপজেলা হতে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুসারে সিলেট জেলার প্রায় ১১৮৬ বর্গকিমিঃ এলাকা বন্যায় প্রাণিত হয়েছে । ফলে, ৭২টি ইউনিয়নের ৬৫,০০০ পরিবারের ৪(চার) লক্ষাধিক লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । ১৯০৭টি কাঁচা ঘরবাড়ী সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত এবং প্রায় ১৪,৯৩৮টি কাঁচা ঘরবাড়ী আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে । সিলেট সিটি কর্পোরেশন সহ কানাইঘাট, গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ উপজেলার ৬৯টি আশ্রয়কেন্দ্রে ৭,৬৭৮ জন লোক আশ্রয় নিয়েছেন ।

জেলা প্রশাসনের ত্রাণ তৎপরতা :

আকস্মিক সৃষ্ট বন্যা পরিস্থিতি মোকাবেলায় সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করার জন্য এবং বন্যার্তদের সাহায্যে বিত্তশালীদের এগিয়ে আসার জন্য আহবান জানানো হয়েছে । বন্যা পরিস্থিতি মোকাবেলায় ও বন্যার্তদের সাহায্যার্থে পূর্বের মওজুদ ও ২৬-০৬-২০১২খ্রিঃ তারিখে প্রাপ্ত ত্রাণ সামগ্রী হতে সিলেট সিটি কর্পোরেশন ও ১২টি উপজেলায় ৩১৪.২৪০ মেঃটন জি,আর চাল, জি,আর ক্যাশ ১০,২৭,০০০/- টাকা এবং গৃহ নির্মাণ বাবদ ৫৬,০০০/- টাকা উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ত্রাণ সামগ্রী বিতরণ অব্যাহত আছে ।

বর্তমান বন্যা পরিস্থিতি মোকাবেলার নিমিত্তে জরুরী ভিত্তিতে জি,আর চাল ৫০০.০০ মেঃটন এবং জি,আর ক্যাশ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ এর সচিব মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে । নিয়ন্ত্রণকারী সহ জেলা ও উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তাগণ বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা সরেজমিন পরিদর্শন ও ত্রাণ কার্যক্রম পরিচালনা করছেন । তাছাড়া, বন্যার্তদের স্বাস্থ্য সেবার জন্য বন্যাক্রান্ত এলাকাগুলোতে ৩৯টি মেডিকেল টিম কাজ করছে । উল্লেখ্য, বর্তমান বর্ষা মৌসুমের শুরুতেই ০৩-০৫-২০১২খ্রিঃ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত বন্যা নিয়ন্ত্রণ কেন্দ্র (ফোন নং-০৮২১-৭১৭১৮৫) এর মাধ্যমে জেলার সার্বিক বন্যা পরিস্থিতি সার্বক্ষণিকভাবে মনিটরিং ও পরিস্থিতির আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে ।

মহোদয়ের সদয় অবগতির জন্য প্রতিবেদনটি প্রেরণ করা হলো ।


28.6.12
(খান মোহাম্মদ বিলাল)
জেলা প্রশাসক
সিলেট ।

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা ।

মুখ্য সচিব
মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা ।

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা ।

মহাপরিচালক
ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর
ঢাকা ।

কমিশনার
সিলেট বিভাগ
সিলেট ।

মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়